

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
রাজস্ব বাজেট শাখা

“বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা-২০১৭”

বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য সরকার আর্থিক মঞ্জুরি প্রদান করে থাকে। বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষে উপযুক্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো।

২। শিরোনাম : এ নীতিমালা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় “বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা-২০১৭” নামে অভিহিত হবে।

৩। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কমিটি:

ক) প্রতিটি উপজেলায় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকা ব্যতীত) :

উপজেলা পর্যায়ে কমিটি হবে নিম্নরূপ:

১)	উপজেলা নির্বাহী অফিসার	-	সভাপতি
২)	সহকারী কমিশনার (ভূমি)	-	সদস্য
৩)	উপজেলা সদরের একজন বেসরকারি বিএম কলেজের অধ্যক্ষ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	-	সদস্য
৪)	উপজেলা সদরের একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষক- (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫)	উপজেলা সদরের একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষিকা- (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	-	সদস্য
৬)	সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি	-	সদস্য
৭)	উপজেলা সহকারী প্রোগ্রামার (UIRTCE)	-	সদস্য
৮)	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	-	সদস্য সচিব।

খ) ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে:

১)	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)	-	সভাপতি
২)	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন)	-	সদস্য
৩)	জেলা শিক্ষা অফিসার	-	সদস্য
৪)	একজন বেসরকারি বি এম কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫)	একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
৬)	একজন বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের সুপার/প্রধান শিক্ষিকা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
৭)	সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি	-	সদস্য
৮)	আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	-	সদস্য সচিব।

গ) জেলা প্রশাসক কর্তৃক প্রতিষ্ঠান নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

১)	জেলা প্রশাসক	-	সভাপতি
২)	প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা সচিব, জেলা পরিষদ	-	সদস্য
৩)	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা)	-	সদস্য
৪)	স্থানীয় সরকারি টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫)	জেলা শিক্ষা অফিসার	-	সদস্য সচিব

ঘ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য/সংসদ সদস্যগণ কমিটির উপদেষ্টা থাকবেন। মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শক্রমে কমিটি প্রতিষ্ঠান নির্বাচন করবে:

৪। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন:

- (১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ.বি.সি. হেডের জেলার তথ্য বিবেচনান্তে “এ” হেডের জন্য ৬টি “বি” হেডের জন্য ৫টি ও “সি” হেডের জন্য ৪টি হিসেবে জেলাওয়ারী প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ অন্তে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ পূর্বক

